গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য অধিদপ্তর
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নওগাঁ।

**নম্বর:** ৩৩.০২.৬৪০০.০০০.৫৭.০১৬.২১.৬০

তারিখ: ২ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
১৫ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**নোটিশ**

**বিষয়: তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সভার নোটিশ।**

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নওগাঁ-এর ২০২২-২৩ আর্থিক সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় তথ্য অধিকার আইন, ২০০৯ ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ সভা আগামী ১৯/০২/২০২৩ খ্রি. তারিখ বেলা ০২.০০ ঘটিকায় জেলা মৎস্য কর্মকর্তা, নওগাঁ'র সম্মেলন কক্ষে তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উল্লিখিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

১৫-০২-২০২৩
ড. মোঃ আমিমুল এহসান
জেলা মৎস্য কর্মকর্তা
০২৫৮৮৮৮১৬৮৫
dfo_naogaon@yahoo.com

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
২। সিনিয়র সহকারী/ সহকারী পরিচালক, জেলা মৎস্য দপ্তর, নওগাঁ;
৩। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা(সকল) নওগাঁ;
৪। মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা (সকল), নওগাঁ;
৫। খামার ব্যবস্থাপক, মৎস্যবীজ উৎপাদন খামার, সদর, নওগাঁ এবং
৬। সংশ্লিষ্ট নথি, অত্র দপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য অধিদপ্তর
জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
নওগাঁ।

**তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা ২০২২ ২৩ বাস্তবায়নে জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নওগাঁ কর্তৃক আয়োজিত তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিমূলক ২য় সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: আমিমুল এহসান,<br>জেলা মৎস্য কর্মকর্তা, নওগাঁ |
| সভার তারিখ | ১৯/০২/২০২৩ খ্রি. |
| সভার সময় | বেলা ০২:০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নওগাঁ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য |

সভার সভাপতি জনাব ড. মো: আমিমুল এহসান, জেলা মৎস্য কর্মকর্তা, নওগাঁ অংশগ্রহণকারী সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জনাব রনি চন্দ্র মন্ডল, সহকারী পরিচালক, জেলা মৎস্য দপ্তরকে সভা পরিচালনার অনুরোধ জানান। সহকারী পরিচালক সভায় জানান যে তথ্য অধিকার আইন, ২০০৯ বাংলাদেশ সরকারের একটি মহতী উদ্যোগ। এটি গণতান্ত্রিক মূল্যবোধে নিষিক্ত রাজনৈতিক সদিচ্ছার অভিব্যক্তি যা রাষ্ট্রের ওপর জনগণের মালিকানা নিশ্চিত করার অভিপ্রায়গত । নাগরিক চিন্তার ক্ষেত্র প্রসারণে অভিমত ব্যক্ত করার স্বাধীনতার জন্য তথ্য অধিকার আইন, ২০০৯ একটি অন্যতম রক্ষাকবচ। এরপর তিনি তথ্য অধিকার আইন ২০০৯ ও এর বিধিবিধানসমূহ সম্পর্কে স্টেকহোল্ডারগণকে অবহিত করেন। অতঃপর তিনি সভায় অংশগ্রহণকারী সকলকে উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানান। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | তথ্য অধিকার আইনের ৪ ধারা অনুযায়ী বাংলাদেশের যে কোন নাগরিক যে কোন সরকারী, স্বায়ত্তশাসিত, সংবিধিবদ্ধ সংস্থা এবং সংশ্লিষ্ট বেসরকারী দপ্তর হতে তথ্য সংগ্রহ করার জন্য আবেদন দাখিল করতে পারবেন এবং নাগরিকের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তথ্য প্রদান করতে বাধ্য থাকবে। | জেলা মৎস্য কর্মকর্তার/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপক/তথ্য প্রদানকারী কর্মকর্তা |
| ২. | সংশ্লিষ্ট আবেদনকারী কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তা তার আবেদনে উল্লেখ করবেন । অর্থাৎ পরিদর্শন করা, অনুলিপি নেওয়া, নোট নেওয়া, ছাপানো বা ফটোকপি নেওয়া, ই-মেইল, ফ্যাক্স বা সিডির মাধ্যমে তথ্য নেওয়া বা অন্য কোন অনুমোদিত পদ্ধতিতে আবেদনকারী তথ্য সংগ্রহ করতে পারবেন। | জেলা মৎস্য কর্মকর্তার/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপক/তথ্য প্রদানকারী কর্মকর্তা |
| ৩. | কোন কর্তৃপক্ষ কোন অস্বছ বা কাল্পনিক প্রশ্নের জবাব দিতে বাধ্য নন। তথ্য আবেদনে তথ্য আবেদনকারী কোন ধরনের বা কি তথ্য চান তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। অফিসে সংরক্ষিত তথ্যই সরবরাহ করা যাবে। | জেলা মৎস্য কর্মকর্তার/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপক/তথ্য প্রদানকারী কর্মকর্তা |

| | | |
|---|---|---|
| ৪. | আবেদনকারী যে পদ্ধতিতে তথ্য পেতে চান তাকে সচরাচর সেই পদ্ধতিতেই তথ্য সরবরাহ করতে হবে। তবে উক্ত পদ্ধতিতে তথ্য সরবরাহ অযথা ব্যয়বহুল বা সময়সাধ্য হলে যাচিত পদ্ধতিতে তথ্য সরবরাহ না করে সহজতর পদ্ধতিতে তথ্য সরবরাহ করা যাবে। | জেলা মৎস্য কর্মকর্তার/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপক/তথ্য প্রদানকারী কর্মকর্তা |
| ৫. | নিজ নিজ দপ্তরের কাজকর্ম–সম্পর্কিত অধিকাংশ তথ্য নিজ নিজ ওয়েবসাইটে স্বতঃপ্রণোদিতভাবে প্রকাশ করতে হবে। | জেলা মৎস্য কর্মকর্তার/সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা/খামার ব্যবস্থাপক/তথ্য প্রদানকারী কর্মকর্তা |

আর কোনো আলোচনা থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২-০২-২০২৩
ড. মোঃ আমিমুল এহসান
জেলা মৎস্য কর্মকর্তা
০১৭১২২৫০১২২
amisan72@yahoo.com

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
২২ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৩৩.০২.৬৪০০.৪০০.০৩.০০১.১৪.৭১

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;
২। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা(সকল) নওগাঁ;
৩। সম্প্রসারণ কর্মকর্তা/খামার ব্যবস্থাপক,......................., নওগাঁ;
৪। সহকারী মৎস্য কর্মকর্তা, ...................., নওগাঁ;
৫। জনাব ..........................., মৎস্যচাষি/মৎস্যজীবী/আড়তদার/মৎস্যখাদ্য বিক্রেতা/লিফ/হ্যাচারি অপারেটর, ................, নওগাঁ এবং
৬। সংশ্লিষ্ট নথি।

২২-০২-২০২৩
ড. মোঃ আমিমুল এহসান
জেলা মৎস্য কর্মকর্তা

**তথ্য অধিকার বিষয়ক বার্ষিক কর্মপরিকল্পনা ২০২২ ২৩ বাস্তবায়নে জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নওগাঁ কর্তৃক আয়োজিত তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিমূলক ২য় সভায় উপস্থিতির স্থিরচিত্র**




সভায় বক্তব্য প্রদান করেন সম্মানিত জেলা মৎস্য কর্মকর্তা, নওগাঁ